

স্মারক নং: ৫৮.০১.০০০০.১০১.১১.০১৭.২০২১-২৭২

তারিখ: ১৮ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ।
০১ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ।

অফিস আদেশ

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূণ্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে গঠিত বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগপত্রের ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী সাপেক্ষে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর বেতনক্রম: টাকা ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০-২২৪৯০ (গ্রেড-১৬) ও বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ “গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী (বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ২০১২” এর বিধি ৩ এর ১(ক) এবং বিধি ৪ অনুসারে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ‘রেকর্ড কীপার (গ্রেড-১৬)’ এর শূণ্য পদে নিম্নবর্ণিত প্রার্থীকে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হল।

মেধাক্রম	রোল নং	নাম	পিতার নাম	স্থায়ী ঠিকানা
১.	১৩০০২৭৮	ফখরুল ইসলাম	আব্দুল হাই	গ্রাম: ব্রাহ্মনগাঁও, ডাকঘর: পাগলা বাজার, থানা: দঃ সুনামগঞ্জ, জেলা: সুনামগঞ্জ।

২। শর্তাবলী :

- (ক) নিয়োগ-বিধি মোতাবেক উক্ত পদে তাকে ০২(দুই) বৎসর শিক্ষানবীশ থাকতে হবে। শিক্ষানবীশকাল চলাকালীন তার আচার-আচরণ, দক্ষতা ও কাজকর্ম সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ-বিধি মোতাবেক তার শিক্ষানবীশকাল বৃদ্ধি করতে পারবেন। উক্ত বর্ধিত সময়ের মধ্যে তার আচার-আচরণ, দক্ষতা ও কাজকর্ম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি হতে অপসারণ (Removal from Service) করা হবে।
- (খ) নিয়োগপ্রাপ্তকে নিজ জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সক্ষমতার সনদপত্র; সদ্য তোলা পাসপোর্ট সাইজছবি (সত্যায়িত) ০৬(ছয়) কপি; আবেদনপত্রে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত কপি; কোন সরকারি/আধা-সরকারি সংস্থায় কর্মরত থাকলে সংশ্লিষ্ট সংস্থার ছাড়পত্র; জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; পৌর মেয়র/ইউ.পি চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র; মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) যোগদানপত্রের সঙ্গে দাখিল করতে হবে।
- (গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির চরিত্র ও পূর্বপরিচয়ে অনুকূল পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে তার নিয়োগ কার্যকর হবে। পুলিশ তদন্তে প্রতিকূল প্রতিবেদন পাওয়া গেলে অথবা প্রার্থী জেলা কোটার সুবিধা প্রাপ্তির জন্য নিজ জেলার স্থলে অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করেছেন মর্মে প্রমাণিত হলে অথবা আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- (ঘ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে ১০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ের প্রশাসন শাখায় (কক্ষ নং-৭০০৮) যোগদানপত্র দাখিল করতে হবে। কর্তৃপক্ষের পূর্বনুমতি ব্যতিত উল্লিখিত তারিখের মধ্যে যোগদান না করলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার দৈনিক ভাতা বা ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-

(মোঃ শিহাব উদ্দিন খান)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৯১৩৪০১১
dadmin@passport.gov.bd


স্মারক নং: ৫৮.০১.০০০০.১০১.১১.০১৭.২০২১-

তারিখ: ১৮ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ।
০১ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা/ মুনসুরাবাদ, চট্টগ্রাম/ সিলেট/ খুলনা।
৩. সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়,
৪. উপপরিচালক, প্রশাসন/ অর্থ ও নিরীক্ষা/ সংস্থাপন/ ভিসা/ পাসপোর্ট/ প্রশিক্ষণ ও কর্ম সম্পাদন/ পরিকল্পনা ও উন্নয়ন/ ডাটা সেটার/ পার্সোনেলাইজেশন সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৫. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৬. উপপরিচালক, বিভাগীয়/ আঞ্চলিক পাসপোর্ট অফিস,

৭. উপপরিচালক, ভিসা সেল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৮. বিভাগীয়/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
৯. সহকারী পরিচালক, প্রশাসন/ সংস্থাপন/ ভিসা/ পাসপোর্ট/ প্রশিক্ষণ ও কর্ম সম্পাদন/ পরিকল্পনা ও উন্নয়ন/ ডাটা সেন্টার/ পার্সোনালাইজেশন সেন্টার/ সেন্ট্রাল ইনভেস্টিগেশনশাখা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১০. সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস,
১১. সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১২. ব্যক্তিগত কর্মকর্তা/সহকারী, মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/ (পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন), পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (পাসপোর্ট, ভিসা ও পরিকল্পনা)/ (পার্সোনালাইজেশন সেন্টার), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১৩. জনাব
১৪. সংশ্লিষ্ট নথি।


০২/০২/২০২২

(মোঃ রুবায়েয়াত ফেরদৌস)
সহকারী পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৯১২৬৯৭০
adadmin@passport.gov.bd